



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০  
website : [www.mccollege.edu.bd](http://www.mccollege.edu.bd)  
email : [m.c.college\\_sylhet@live.com](mailto:m.c.college_sylhet@live.com)



## জরুরি বিজ্ঞপ্তি

তারিখ : ১৯.১০.২০২৬ খ্রি.

মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ২০২৬-২০২৭ অর্থবছরের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে যারা ২০২৬ সালের এস.এস.সি পরীক্ষায় ও ২০২৫ সালের এইচ.এস.সি পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে “মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তি” প্রাপ্ত হয়েছে তাদের তথ্য MIS Software-এ এন্ট্রি করতে হবে বিধায় কলেজে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা কলেজ ওয়েবসাইট ([www.mccollege.edu.bd](http://www.mccollege.edu.bd)) থেকে ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক আগামী ১২.১১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

- কাগজপত্র সংযুক্তি করতে হবে:-
১. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র (যে প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ হয়েছে)।
  ২. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত বৃত্তি তালিকার সংশ্লিষ্ট পৃষ্ঠার কপি
  ৩. পাসপোর্ট সাইজের ছবি এক কপি
  ৪. ব্যাংক অ্যাকাউন্টের চেকের পাতার কপি বা ব্যাংক অ্যাকাউন্টের স্টেটমেন্ট

## বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর করণীয়

১. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত হতে হবে।
২. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।
৩. যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক খোলা হলে ফরমে হিসাবের ঘরে যৌথ নাম উল্লেখ করতে হবে।
৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
৫. বিকাশ, শিওরক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না।
৬. শিক্ষার্থীর পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে।
৭. বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
৮. ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।

উপরোক্ত তথ্য পূরণের ক্ষেত্রে কোনো ভুল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্র: মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরে অধ্যয়নকারী রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কলেজে আবেদনকারী যে সকল শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরে মেধা ও সাধারণ বৃত্তির টাকা পৌঁছেনি তাদের তথ্য সংশোধনের লক্ষ্যে আগামী ১০.১১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজের কম্পিউটার শাখায় যোগাযোগ করার জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হলো।

*Signature*

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট।

*Signature*